



# মৎস্য বাজারজাতকরণে এনএটিপি-২ এর ডিজিটাল উদ্যোগ

ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২) প্রান্তিক মৎস্যচাষিদের পুকুরের উৎপাদনশীলতা বৃদ্ধি ও বাজারে প্রবেশাধিকার বৃদ্ধিতে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করে। মৎস্যচাষিদের উৎপাদিত মাছের ন্যায্য মূল্যপ্রাপ্তি তথা বাজারে প্রবেশাধিকার বৃদ্ধিকল্পে এনএটিপি-২ এর আওতায় ২২টি প্রডিউসার অর্গানাইজেশন (পিও) গঠন করা হয়েছে। এনএটিপি-২ প্রকল্পের লক্ষ্য হলো পিও-কে এমন একটি শক্তিশালী ও স্থায়িত্বশীল সংগঠন হিসেবে গড়ে তোলা, যাতে এর সহায়তায় সুফলভোগী চাষিদের মাছ চাষে forward linkage (চাষ শুরু থেকে আহরণপূর্ব কর্মকাণ্ড) ও Backward linkage (আহরণোত্তর পরিচর্যা থেকে শুরু করে ভোক্তা পর্যন্ত বিস্তৃত কর্মকাণ্ড) এ উন্নয়নসাধন করে মাছের উৎপাদন বৃদ্ধি করা যায় এবং উৎপাদিত মাছ থেকে সর্বোচ্চ মুনাফা অর্জনে চাষিদের সরাসরি বাজারে প্রবেশাধিকার নিশ্চিত করা যায়। একটি উপজেলার সকল সিআইজি সদস্য, নির্বাচিত কিছু নন-সিআইজি চাষি এবং ব্যবসায়ীদের সমন্বয়ে এই পিও-সমূহ গঠন করা হয়, যার প্রতিটিতে সদস্য সংখ্যা ৭৫০ জন (২টি বিশেষ পিও-এর প্রতিটিতে ১২০০ জন)।


২০১৯-২০২০ সালে দেশে মোট মৎস্য উৎপাদনের ৫৭ শতাংশের অধিক অবদান চাষকৃত মাছের, যার পরিমাণ প্রায় ২৫.৮৩ লক্ষ মেট্রিক টন। মৎস্যচাষে বাংলাদেশ অনেকখানি এগিয়ে গেলেও প্রান্তিক চাষিদের মাছের ন্যায্য মূল্যপ্রাপ্তি একটি বড় সমস্যা হিসেবে দেখা দেয়। কোভিড-১৯ এর বৈশ্বিক মহামারিতে চাষিদের মাছ বাজারজাতকরণ ও যথাযথ মূল্যপ্রাপ্তির বিষয়টি আরও প্রকট আকার ধারণ করে। এই চ্যালেঞ্জ মোকাবিলায় মধ্যস্বত্বভোগীদের দৌরাত্ম্য কমিয়ে চাষির সাথে আড়তদার/ক্রেতার সরাসরি সংযোগ সৃষ্টির লক্ষ্যে মে ২০২০-এ এনএটিপি-২, মৎস্য অধিদপ্তরের আওতায় একটি ওয়েবসাইট, www.pofishmarket.com এবং একটি অ্যাপ POFISHMARKET চালু করা হয়। উক্ত অ্যাপ ব্যবহার করে এনএটিপি-২ এর আওতাধীন গঠিত ২২টি প্রডিউসার অর্গানাইজেশনভুক্ত ১৭৪০০ জন মৎস্যচাষি মাছ বিক্রয় করতে এবং সারা দেশের যেকোনো আগ্রহী ক্রেতা অ্যাপ/ওয়েবসাইট ব্যবহার করে উক্ত মাছ ক্রয় করতে পারেন। অনলাইনে পাইকারিভাবে মাছ ক্রয়-বিক্রয়ের জন্য সরকারি পর্যায়ে এটিই প্রথম উদ্যোগ, যার মাধ্যমে প্রকল্পভুক্ত নির্বাচিত চাষিগণ অপেক্ষাকৃত বেশি মূল্যে মাছ বিক্রয় করতে পারছেন।

## অ্যাপ/ওয়েবসাইট ব্যবহার করে মাছ বাজারজাতকরণ পদ্ধতি

- pofishmarket.com ওয়েবসাইট ব্যবহার করতে আগ্রহী ক্রেতা-বিক্রেতাকে প্রথমেই রেজিস্ট্রেশন করতে হবে। ইন্টারনেট সংযোগ আছে এমন যেকোনো কম্পিউটার/স্মার্ট ফোন অথবা ট্যাবের (TAB) ব্রাউজারে www.pofishmarket.com লিখে 'Enter' দিলে ওয়েবসাইটটি পাওয়া যাবে।




চিত্র : ওয়েবসাইট/অ্যাপ-এর আইকন





চিত্র : POFISHMARKET ওয়েবসাইটের মার্কেট প্লেস


প্রচারে : **ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)**
কৃষি মন্ত্রণালয় এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

সহযোগিতায় : THE WORLD BANK IBRD • IDA; IFAD Investing in rural people

- Google play store এ গিয়ে search option এ 'Fish Market' টাইপ করলে অ্যাপটি পাওয়া যাবে। অতঃপর সেটি মোবাইলে ইন্সটল করে রেজিস্ট্রেশন করতে হবে।
- পিও সদস্যরা বিক্রেতা হিসেবে রেজিস্ট্রেশন করতে পারবেন এবং পিও বহির্ভূত যেকোনো সদস্য ক্রেতা হিসেবে রেজিস্ট্রেশন করতে পারবেন।
- বিক্রেতার জন্য করণীয় : পিও সদস্যদের প্রথমে বিক্রেতা হিসেবে রেজিস্ট্রেশন করতে হবে, তারপর কেন্দ্রীয় অ্যাডমিন প্যানেল (পিআইইউ, এনএটিপি-২, মৎস্য অধিদপ্তর) থেকে বিক্রেতা হিসেবে অনুমোদন পেলে তাঁকে নিজের 'User Name' ও 'Password' দিয়ে 'Log in' করতে হবে। মাছ বিক্রয়ের বিজ্ঞাপন দেওয়ার জন্য অ্যাপ ব্যবহার করতে হবে। প্রথমে Seller Dashboard এ গিয়ে বিক্রয়যোগ্য মাছের ক্যাটাগরি নির্বাচন করে প্রজাতি, মাছের দাম, বিক্রয়যোগ্য মাছের পরিমাণ, একক আকার/ওজন ইত্যাদি তথ্য লিখে মাছের ছবিসহ বিজ্ঞাপন পোস্ট করতে হবে। এক্ষেত্রে ডিফল্ট মাছের ছবি (ইতোমধ্যে দেয়া আছে এমন ছবি) ব্যবহার করা যাবে অথবা মোবাইল ফোনের ক্যামেরা ব্যবহার করে তাৎক্ষণিকভাবে চাষির মাছের প্রকৃত ছবি উঠিয়ে ব্যবহার করা যাবে।
- ক্রেতার জন্য করণীয় : ওয়েবসাইট/অ্যাপ-এ ঢুকে 'Market place' এ মাছের প্রজাতি,আকার, পরিমাণ, মূল্যসহ অন্যান্য প্রয়োজনীয় তথ্য পাওয়া যাবে। ক্রেতা ইচ্ছা করলে তাঁর পছন্দমতো মাছের প্রজাতি, আকার, ক্যাটাগরি ইত্যাদি দ্বারা search করেও তাঁর পছন্দমতো ক্যাটাগরি (মাছ) নির্বাচন করতে পারবেন। ক্রেতার পছন্দ হলে, বিক্রেতার (চাষি) সাথে মোবাইল ফোনে যোগাযোগ করে ক্রয় করতে পারবেন অথবা রেজিস্ট্রেশন করে নিজের নির্ধারিত মূল্য বসিয়ে দর কষাকষি করতে পারবেন। এক্ষেত্রে Purchase this fish সেকশনে দাম, পরিমাণ ও মন্তব্য (যদি থাকে) লিখে Submit করতে হবে অথবা সরাসরি বিক্রেতার মোবাইলে ফোন দিয়ে ডিল সম্পন্ন করতে হবে। যেকোনো আগ্রহী ক্রেতা ফড়িয়া বা দালালের প্রভাববলয় মুক্ত থেকে দেশের যেকোনো প্রান্ত থেকে স্মার্ট ফোনের মাধ্যমে মাছ ক্রয় করতে পারবেন।
- মাছ বিক্রয় শেষে বিক্রেতা sold বাটনে ক্লিক করলে মার্কেট প্লেস থেকে পোস্টটি সরে যাবে।
- ২২টি পিও-এর সদস্যগণ বিক্রেতা হিসেবে রেজিস্ট্রেশনের মাধ্যমে তাঁর উৎপাদিত মাছ, মৎস্যজাত পণ্য, প্রক্রিয়াজাত মৎস্য পণ্য, মাছের পোনা, মাছের খাদ্য ইত্যাদি বিক্রয় করতে পারবেন।




চিত্র : মোবাইল অ্যাপ ইন্সটল ও রেজিস্ট্রেশনের ধাপসমূহ




চিত্র : মোবাইল অ্যাপ-এ Seller Dashboard

- পরিবহন ও সরবরাহ বিষয়ে ক্রেতা-বিক্রেতা আলোচনা করে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করবেন। বিক্রিত মাছ পাইকারি ক্রেতার নিকট দূরবর্তী স্থানে সরবরাহের ক্ষেত্রে প্রতিটি পিও-তে এনএটিপি-২ প্রকল্পের Agricultural Innovation Fund-3 (AIF-3) এর অনুদানে ক্রয়কৃত পিক-আপ ভ্যানের সহায়তা গ্রহণ করতে পারবে।

## উপসংহার

POFISHMARKET অ্যাপ/www.pofishmarket.com ওয়েবসাইটটি অনলাইনে মাছ ক্রয়-বিক্রয়ের একটি প্রাথমিক পদক্ষেপ। এটি পাইলট আকারে মাত্র ২২টি উপজেলায় শুরু হয়েছে। এটিকে কার্যকর করতে হলে আরও বেশি করে চাষিদেরকে সক্রিয় করা প্রয়োজন। এর সাথে সম্পৃক্ত করতে হবে বড় ব্যবসায়ীদেরকে। পাইকারি এবং বিশেষ করে দেশের বড় বড় শহরগুলোর Super Shop-সমূহের চাহিদা মেটানোর জন্য আহরণোত্তর পরিচর্যা-সমৃদ্ধ মাছ (dressed fish) সরবরাহের জন্য প্রস্তুতি নিতে হবে এখনই। সর্বক্ষেত্রে Cool chain বা 'শীতল শিকল' দিয়ে মাছকে জড়িয়ে রাখতে হবে, যেন পুষ্টিমান সমৃদ্ধ মাছ নিরাপদ-খাদ্য হিসেবে ভোক্তার কাছে পৌছতে পারে। এই ডিজিটাল সুবিধার আওতায় দেশের সকল চাষিকে অন্তর্ভুক্ত করতে হলে দেশব্যাপী এই কার্যক্রম সম্প্রসারণ করা প্রয়োজন। এতে চাষিরা যেমন ন্যায্য মূল্য পাবে, তেমনি ভোক্তা সাধারণও সুলভ মূল্যে নিরাপদ ও মানসম্পন্ন মাছ সংগ্রহ করতে পারবেন।

